# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 APRIL 2025** **7:45—7:55 PM IST**

=========================================================

(১) আজ পয়লা বৈশাখ থেকে রাজ্যের সব সরকারি কাজকর্মে অসমীয়া ভাষা ব্যবহারের জন্যে রাজ্যসরকারের বিজ্ঞপ্তি জারি/ বরাক উপত্যকায় বাংলা এবং বড়োল্যান্ডে বড়ো ভাষার ব্যবহার বাধ্যতামূলক/

(২) পরম্পরাগত উৎসাহ উদ্দীপনায় আজ সমগ্র রাজ্যে মানুষ বিহু উদযাপন/ বরাক উপত্যকায় বাংলা নববর্ষকে স্বাগত জানাতে শোভাযাত্রা সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান/

(৩) ভারতে হজযাত্রীদের কোটা ৩৯ হাজার বৃদ্ধি/

এবং

(৪) এবছরের মাধ্যমিক পরীক্ষায় কুড়ি শতাংশের কম পাশের হার হওয়া কাছাড় জেলার ৩৪টি হাইস্কুলকে শিলচরের স্কুল পরিদর্শকের কারণ দর্শানোর নোটিশ/

-----------------------------------------------------------------------------------

অসাম সরকারী ভাষা আইন ১৯৬০ ’র ৭ এবং ৩ নম্বর ধারা অনুযায়ি বরাক উপত্যকা , ষষ্ঠ অনুসূচীর অন্তর্গত পার্বত্য জেলা এবং বড়োল্যান্ড আঞ্চলিক পরিষদের অধীনের অঞ্চলগুলিতে স্থানীয় ভাষা সহ সমগ্র রাজ্যে অসমীয়া ভাষা ব্যবহার করার জন্য রাজ্যসরকার বিজ্ঞপ্তি জারি করেছে ।আজ থেকে রাজ্যের সব সরকারী কাজকর্মে অসমীয়া ভাষার ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে । রাজ্য সরকারের সব বিল ,আইন , নিয়ম , আদেশ , বিজ্ঞপ্তি ইত্যাদি প্রশাসনিক এবং কার্যবাহী নির্দেশনা , বদলি ও নিযুক্তির আদেশ তথা সরকারী গ্যেজেটের ইংরেজী সংস্করণ সহ অসমীয়া ভাষায় প্রকাশ করা হবে ।বরাক উপত্যকার তিন জেলায় সব সরকারী কাজকর্মে ইংরেজী সহ বাংলা

ভাষা ব্যবহার করা হবে । বড়োল্যান্ড পরিষদীয় এলাকায় সরকারী কাজকর্মে ইংরেজী সহ বড়ো ভাষা ব্যবহার করা হবে ।কেন্দ্রীয় সরকারের জারি করা সব আদেশ বিজ্ঞপ্তি এবং নির্দেশ সংশ্লিষ্ট বিভাগ থেকে ৩০ দিনের মধ্যে অসমীয়া , বাংলা বা বড়ো ভাষায় অনুবাদ করে প্রকাশ করতে হবে ।পুরনো সব আইন , নিয়ম , বিজ্ঞপ্তি ইত্যাদি দু বছরের মধ্যে অসমীয়া , ভাষায় অথবা প্রয়োজন সাপেক্ষে বাংলা বা বড়ো ভাষায় অনুবাদ করতে হবে ।এই অনুবাদ প্রক্রিয়া বিশ্ববিদ্যালয়সমুহের ভাষা বিভাগের সহায়তায় সম্পন্ন করা হবে । দুটো ভাষা সংস্করণের মধ্যে কোন অস্পষ্টতা বা অমিল পরিলক্ষিত হলে অথবা আইনী ব্যাখ্যার প্রয়োজন হলে ইংরেজী সংস্করণের শব্দকে প্রাধান্য দেওয়া হবে ।এদিকে কেন্দ্রীয় সরকারের কার্যালয় সমুহ এবং অন্য রাজ্য প্রশাসনের সঙ্গে যোগাযোগের জন্য ইংরেজী ভাষার ব্যবহার অব্যাহত থাকবে ।এছাড়া আদালতে দাখিল করা সব অনুসন্ধানের প্রতিবেদন , অনুচ্ছেদ ভিত্তিক মন্তব্য , নির্দেশনা , শপথনামা , চিঠিপত্র ইত্যাদিতে ইংরেজী ভাষার ব্যবহার বহাল থাকবে ।যেকোন নিয়ম , আইন , কার্যালয়ের আদেশ , আদালতের আদেশ , বা রায় সন্নিবিষ্ট ব্যবস্থা সমুহের ব্যাখ্যার জন্য ইংরেজী সংস্করণকে প্রাধান্য দেওয়া হবে ।ইংরেজী ভাষা থেকে অসমীয়া , বাংলা ও বড়ো ভাষায় অনুবাদের জন্য 'অনুবাদ ভাষিনী' এ্যাপ ব্যবহার করা যাবে ।তবে অনুবাদ শুদ্ধ এবং সঠিক হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য সতর্কতা অবলম্বন করতে হবে ।এই বিজ্ঞপ্তি রাজ্যে আজ থেকে কার্যকর হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন স্থানে আজ পয়লা বৈশাখের দিনটি মানুষ বিহু হিসেবে পালন করা হয়েছে । নতুন বছরে রাজ্যের মঠ, মন্দিরগুলিতে আজ ভক্তপ্রাণ লোকেদের ভীড় পরিলক্ষিত হয়েছে। কিছু কিছু স্থানে প্রকাশ্য স্থানে বিহু মঞ্চ তৈরি করে বিহু উৎসবের আয়োজন করা হয়েছে । ছোট ছোট শিশু, কিশোর-কিশোরী সহ যুবক-যুবতীরা বাড়ি বাড়ি গিয়ে হুচরি গেয়ে গৃহস্থের মঙ্গল কামনা করে । বরাক উপত্যকায় আজ বাংলা নতুন বর্ষ বরণ উপলক্ষে নানা কার্যসূচী পালন করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলা নববর্ষ-পয়লা বৈশাখ উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী মোদী বলেন যে- এই নববর্ষে তিনি সকলের মনের আশা পূরণ হওয়ার কামনা করেছেন । তিনি সবার জন্য সাফল্য, সু-স্বাস্থ্য এবং সম্বৃদ্ধি ও সুখের জন্যে প্রার্থনা করেছেন ।

---------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায় আজ ১৪৩২ বঙ্গাব্দের প্রথম দিনটিকে স্বাগত জানাতে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের

শিলচর শহর আঞ্চলিক সমিতির উদ্যোগে আজ শিলচর শহরে আজ সকালে এক প্রভাতী শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । এই শোভাযাত্রায় স্বতঃস্ফূর্তভাবে জনসাধারণকে অংশগ্রহণ করতে দেখা গেছে । বরাক উপত্যকার বহুভাষিক বাঙালি জাতিসত্তার ভিত আরো মজবুত করার লক্ষ্যে এবং এই উপত্যকার ভাষা ও সংস্কৃতির গৌরব সংরক্ষণ এবং বৈচিত্রময় সাংস্কৃতিক ঐতিহ্যকে উদযাপনের উদ্দেশ্যে এবছর নব আঙ্গিকে এই বিশেষ কার্যসূচীর আয়োজন করেছে । আজ সকালে শিলচর জেলা ক্রীড়া সংস্থার প্রাঙ্গণে জমায়েত হয়ে এই বর্ণাঢ্য শোভাযাত্রার সূচনা হয় ।

বাইট

---------

বরাকের বহুভাষিক ঐক্য ও জাতি ধর্ম নির্বিশেষে সম্প্রীতির বন্ধন সুদৃঢ় করার উদ্দেশ্যে আয়োজিত এই শোভাযাত্রায় ছিল সানাইয়ের সুরের মূর্চ্ছনা । শহরের সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠন, বিশিষ্ট ব্যক্তিবর্গ, স্কুল কলেজের ছাত্রছাত্রী, খেলোয়াড়, সংস্কৃতি কর্মী সহ বহু লোক এতে অংশগ্রহণ করেছেন । শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পরে শিলচর বঙ্গ ভবনে এসে শেষ হয় । আজকের এই বিশেষ দিনে শিলচরের বঙ্গ ভবনে একাদশ ভাষা শহিদের স্মরণে শহিদ স্মৃতি সৌধের আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে ।

শিলচরের সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ বাংলা নতুন বছরকে স্বাগত জানাতে আজ এক বৈঠকী আড্ডার আয়োজন করে । শহরের কাছাড় নেটিভ জয়েন্ট স্টক কোম্পানি প্রাঙ্গণে আজ দুপুরে আয়োজিত এই আসরে বহু বিশিষ্ট ব্যক্তি নিজেদের অতীত জীবনের স্মৃতিচারণে মেতে উঠেন । এছাড়া নবীন-প্রবীণ প্রজন্মের মধ্যে সেতুবন্ধনের উদ্দেশ্যে সব বয়সের সংস্কৃতি কর্মীরা নিজেদের অনুষ্ঠান পরিবেশন করেন ।

এছাড়া বরাক উপত্যকা নন্দিনী সাহিত্য ও পাঠচক্র-শিলচরের উদ্যোগে আজ সন্ধ্যায় শিলচরে গ্রন্থ প্রকাশ সহ অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । বরাক কণ্ঠ পত্রিকার উদ্যোগে আজ সন্ধ্যায় শিলচর গান্ধী ভবনে পয়লা বৈশাখ উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে বাংলাদেশ থেকে আসা লোকসঙ্গীত শিল্পীরা সঙ্গীত পরিবেশন করছেন ।

শিলচর প্রেসক্লাবে ১৪৩২ বঙ্গাব্দকে স্বাগত জানাতে ‘সভ্যতা ইতিহাস ও দিনবদল’ শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে । এছাড়া গান কবিতার মাধ্যমে নতুন বছরকে বরণ করে নেওয়া হয় ।

বাংলা সাহিত্য সভা- অসম এর শিলচর সমিতির পক্ষ থেকে নতুন বছরকে স্বাগত জানাতে আজ শিলচর মহিলা কলেজে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায়ও আজকের দিনটিতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

এদিকে বাংলা নববর্ষের দিনে বরাক উপত্যকার বহু ব্যবসায়িক প্রতিষ্ঠান, দোকান পাটে নতুন বছরের হালখাতা উপলক্ষে বিশেষ পূজোর আয়োজন করা হয়েছে । এদিন সিদ্ধিদাতা গণেশের পূজো করে নতুন বছরের হালখাতা আরম্ভ করা হয়ে থাকে ।

এছাড়াও নতুন বাংলা বছরকে স্বাগত জানাতে সমগ্র উপত্যকায় আজ উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ভারতে হজ যাত্রীর কোটা ২০১৪ সালের এক লক্ষ ৩৬ হাজার থেকে বৃদ্ধি করে চলতি বছরে এক লক্ষ ৭৫ হাজার করা হয়েছে । কেন্দ্রীয় সংখ্যালঘু মন্ত্রনালয় থেকে সামাজিক মাধ্যমে জানানো হয়েছে যে হজ যাত্রীর মূল কোটা থেকে দেশের হজ কমিটি ইতিমধ্যে এক লক্ষ ২২ হাজার তীর্থ যাত্রীর প্রস্তুতি সম্পন্ন করেছে । মন্ত্রনালয় জানিয়েছে যে হজ যাত্রার জন্য বিমান , যাতায়াত , মীনা ক্যাম্প , থাকা-খাওয়ার ব্যবস্থা সহ অন্যান্য পরিষেবা সহ প্রয়োজনীয় সব প্রস্তুতি সৌদি আরব প্রশাসনের নির্দেশিকা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে । অবশিষ্ট কোটা বেসরকারী ট্যুর অপারেটরদের জন্য বরাদ্দ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

এবছরের মাধ্যমিক পরীক্ষায় কুড়ি শতাংশের কম পাশের হার হওয়া কাছাড় জেলার ৩৪টি বিদ্যালয়কে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে । শিলচরের স্কুল পরিদর্শকের কার্যালয় থেকে জারি করা এই আদেশে আগামী পাঁচদিনের মধ্যে তাদের জবাব পাঠাতে বলা হয়েছে । এই বিদ্যালয়গুলির মধ্যে শিলচর শিক্ষাখন্ডের অর্ন্তগত টাউন হাইস্কুল,

শ্রী শ্রী রাধারমণ গোস্বামী হাইস্কুল, বিপ্লবী উল্লাসকর বিদ্যাভবন, সর্বোদয় হাইস্কুল এবং তরণীমোহন দাসলস্কর এ্যাকাডেমি রয়েছে ।

---

অমরনাথ যাত্রার জন্য নাম পঞ্জীয়ন গতকাল থেকে শুরু হয়েছে । আকাশবাণীর জম্মুর সংবাদদাতা জানিয়েছেন যে ৫২ দিনের বার্ষিক অমরনাথ যাত্রার জন্য তীর্থ যাত্রীরা শ্রীঅমরনাথ তীর্থস্থান পরিষদের ওয়েব সাইট jksasb.nic.in -এর মাধ্যমে অনলাইন নাম পঞ্জীয়ন করা যাবে । এছাড়া সমগ্র দেশের ৫৪০টি-র অধিক পঞ্জীকৃত ব্যাঙ্ক বা পঞ্চায়েত ভবন , বৈষ্ণবী ধাম এবং মহাজন প্রেক্ষাগৃহের মতো কেন্দ্রগুলিতে অমরনাথ যাত্রার জন্য পঞ্জীয়ন করা যাবে । সব তীর্থ যাত্রীর পঞ্জীয়ন করাটা এবং স্বীকৃত হাসপাতাল থেকে স্বাস্থ্যের প্রমান পত্র জমা করা বাধ্যতামূলক । প্রত্যেক তীর্থ যাত্রীর জন্য ২২০ টাকা মাশুল ধার্য্য করা হয়েছে । উল্লেখ্য আগামী তেসোরা জুলাই অনন্তনাগ জেলার পেহেলগাম থেকে এবং গান্দেরবল জেলার বালটলের থেকে অমরনাথ যাত্রা আরম্ভ হবে এবং ৯ই অগাষ্ট রাখী বন্ধনের দিন এই যাত্রা সমাপ্ত হবে ।

---

আর্ন্তজাতিক খ্যাতিসম্পন্ন সাঁতারবিদ এলভিস আলী হাজারিকা দক্ষিন আফ্রিকার কেপ টাউন থেকে রবেন দীপ সাঁতার দিয়ে পার হওয়ার প্রথম ভারতীয় হিসেবে সম্মান অর্জন করেছেন । এলভিস গতকাল রঙালী বিহুর প্রথম দিন এই বিরল কৃতিত্ব অর্জন করে আসামের নাম উজ্বল করেন ।

---